

উপজেলা মহিলা বিষয়ক স্থায়ী কমিটির ২০/০১/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোছাঃ মোছলেমা খাতুন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আশাশুনি, সাতক্ষীরা।
সভার তারিখ : ২০/০১/২০২২ খ্রিঃ
সভার সময় : সকাল ১১.০০ ঘটিকা
সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের স্বাক্ষর :

১. মোছাঃ মোছলেমা খাতুন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আশাশুনি, সাতক্ষীরা।
২. চেয়ারম্যান, কাদাকাটি, ইউনিয়ন পরিষদ, সদস্য
৩. চেয়ারম্যান, শ্রীউলা, ইউনিয়ন পরিষদ, সদস্য
৪. চেয়ারম্যান, বুধহাটা, ইউনিয়ন পরিষদ, সদস্য
৫. মোঃ সাইদুল ইসলাম, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, আশাশুনি, সাতক্ষীরা। সদস্য সচিব,

(সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা সংশ্লিষ্ট রেজিস্টারে লিপিবদ্ধ)

আলোচ্য সূচী :

১. গত সভায় কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. ভিজিডি ও মাতৃত্বকাল ভাতা উপকারভোগীদের প্রশিক্ষণ কার্যক্রম আলোচনা।
৩. রাজস্ব ও আইজিএ প্রকল্পের প্রশিক্ষণার্থী ভর্তি বিষয়ে আলোচনা।
৪. বাল্য বিবাহ প্রতিরোধ।

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দতে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করার জন্য সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করেন।
সভাপতি অনুমতিক্রমে সদস্যসচিব আলোচ্য সূচী অনুযায়ী আলোচনা করেন।

আলোচ্য সূচী ভিজিডি কর্মসূচীঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, প্রতি মাসে বরাদ্দ অনুযায়ী প্রতিটি ইউনিয়নে ভিজিডি খাদ্যশস্য বিতরণ করা হচ্ছে। উপকারভোগীর কার্ড সংখ্যা ৩৬১৯ জন। ভিজিডি উপকারভোগীদের ওয়র্ড পর্যায় দল গঠন করা করে আয়বর্ধক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে এবং প্রতি উপকারভোগীর নিকট থেকে মাসিক ২০০/- (দুইশত) টাকা হারে সঞ্চয় জমা নেওয়া হয়।

মাতৃত্বকালীন ভাতাভোগী : ২০২১-২০২২ অর্থ বছরে মাতৃত্বকাল ভাতা জন্য সরকারি ভাবে কোন বরাদ্দ পাওয়া যায়নি।

রাজস্ব ও আইজিএ প্রকল্পের প্রশিক্ষণার্থী ভর্তি : মহিলা প্রশিক্ষণ কেন্দ্রে ০৩(তিন) মাস মেয়াদী (WTC) দর্জি বিজ্ঞান প্রশিক্ষণে ৩০ (ত্রিশ) জন আয়বর্ধক প্রশিক্ষণ চলমান আছে। মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ প্রকল্পে (আইজিএ) ০২(দুই) টি ট্রেডে ২৫+২৫= ৫০ জন চলমান আছে। ০৩ (তিন) টি ট্রেডের চলমান প্রশিক্ষণ ৩১মার্চ /২০২২ শেষ হবে। প্রশিক্ষণার্থীগন কর্ম দিবস অনুযায়ী যাতায়াত ভাতা প্রাপ্য হবেন।

বাল্যবিবাহ প্রতিরোধ : সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সদস্যদের উদ্দেশ্যে জানান যে প্রতিটি ইউনিয়নের নিয়মিত মাসিক সভা সচেতনতা বৃদ্ধিমূলক প্রচার কার্যক্রম অব্যাহত রাখতে হবে। বিভিন্ন সভা সেমিনার উঠান বৈঠকের মাধ্যমে বাল্য বিবাহের কুফল সম্পর্কে অভিভাবকদের সচেতন করতে হবে।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

(মোছাঃ মোসলেমা খাতুন)
ভাইস চেয়ারম্যান (মহিলা)

ও

সভাপতি

উপজেলা মহিলা বিষয়ক স্থায়ী কমিটি
আশাশুনি, সাতক্ষীরা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
মহিলা বিষয়ক অধিদপ্তর
আশাশুনি, সাতক্ষীরা।

স্মারক নং : ৩২.০১.৮৭০৪.০০০.১৬.০০১.২০২২-

তাঃ- ২০/০১/২০২২ খ্রিঃ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আশাশুনি, সাতক্ষীরা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, আশাশুনি, সাতক্ষীরা।
- ৩। ভাইস চেয়ারম্যান, পুরুষ/মহিলা, আশাশুনি, সাতক্ষীরা।
- ৪। চেয়ারম্যান কাদাকাটি, শ্রীউলা, বুধহাটা ইউ,পি, আশাশুনি, সাতক্ষীরা।
- ৫। অফিস কপি।



মোঃ সাইদুল ইসলাম
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
আশাশুনি, সাতক্ষীরা।